গাংনী উপজেলা আওয়ামীলীগের স্বতন্ত্র প্রার্থী মকলেছুর রহমান মুকুল

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে বিভিন্ন ইউনিয়ন ও পৌর আওয়ামী লীগের সভাপতি সম্পাদকদের নিয়ে বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার দুপুরে তালিমুল কোরআন ইসলামী একাডেমি মাদ্রাসার সামনে উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনের সভাপতিত্বে এবং পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুল, সাবেক পৌর মেয়র আশরাফুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, মনিরুজ্জামান মাস্টার সহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক সহ আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে গাংনী উপজেলা আওয়ামীলীগের পক্ষ থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুলকে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হিসেবে ঘোষণা করা হয়।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন,দলীয়ভাবে যে প্রার্থী দেয়া হয়েছে তাকে দলের এবং জনগণ কেউ চেনেনা বা তার সম্পর্কে জানেনা ভোটারটা। সেইজন্য উপজেলা আওয়ামীলীগের পক্ষ থেকে যে প্রার্থী ঘোষণা করা হয়েছে আমার পক্ষ থেকে নৈতিক সমর্থন থাকবে তার জন্য তবে জেলা আওয়ামী লীগের সভাপতি ও কেন্দ্রীয় সাধারণ সম্পাদকের সাথে আলাপ করে আমি সরাসরি কাজ করবো কিনা সেটা তখন জানাবো। ইউনিয়ন পর্যায়ের সভাপতি ও সাধারণ সম্পাদকরা প্রত্যেকে মকলেছুর রহমান মুকুল কে সমর্থন প্রদান করেন।

মেহেরপুরের নতুন দরবেশপুরে মসজিদ নির্মাণ কাজের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুরে জামে মসজিদের বেইজ ঢালাইয়ের মধ্য দিয়ে শুভ সূচনা করা হয়েছে নির্মাণ কাজ। আজ বুধবার সকালে নতুন দরবেশপুরে গ্রামবাসীর উপস্থিতিতে এই ঢালাই কাজের উদ্বোধন করা হয়।

মসজিদের ইমাম মুফতি খায়রুল বাশারের দোয়া পরিচালনার মধ্যে দিয়ে চার কাঠা জমির উপর তিন হাজার বর্গফুট আকৃতির তিনতলা মসজিদ ভবনের বেইজ ঢালাইয়ের শুভ উদ্বোধন করেন জেলা কৃষকলীগের সভাপতি ও মসজিদ কমিটির প্রধান উপদেষ্টা মাহবুব উল আলম শান্তি।

এসময় উপস্থিত ছিলেন মসজিদ কমিটির উপদেষ্টা শাহিনুল ইসলাম, সভাপতি ইসরাইল হোসেন, সাধারন সম্পাদক মাহবুব ইসলামসহ গ্রামের মুসুল্লিবৃন্দ।

এসময় এলাকাবাসীরা বলেন মসজিদ নির্মাণ হওয়াতে দীর্ঘদিনের একটি স্বপ্ন পুরণ হতে চলেছে আমাদের। মহল্লার সকল মুসল্লিরা এক সাথে সমবত হয়ে নামাজ আদায় করে আল্লাহর দোয়া করতে পারবে এ জন্য মসজিদ নির্মাণ কাজে মহল্লার সকলে স্বেচ্ছায়শ্রম দিয়ে যাচ্ছি।

স্বাস্থ্য খাতের উন্নয়ন নিয়ে কাজ করতে চাই -ডা.নাজমুল হক

সাগর

‘সংসদ নির্বাচনের মনোনয়ন পাওয়া একটি গুরুদায়িত্ব, যেটা দলের হাই কমান্ড থেকে আমাকে দেয়া হয়েছে। এজন্য আমি দলীয় সভানেত্রী ও দলের নীতি নির্ধারকদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আমি প্রথমেই দল-মত নির্বিশেষে গাংনীর আপামর জনতা কে সাথে নিয়ে নির্বাচনী বৈতরণী পার করতে চাই। এরপর দলের পক্ষ থেকে আমাকে জনপ্রতিনিধিত্ব করার যে সুযোগ দেওয়া হয়েছে সেটাকে আমি দায়িত্ব হিসাবে নিয়ে আমি আমার সংসদীয় আসনে বেকারত্ব দূর করতে কাজ করতে চাই। আমার সংসদীয় আসন গাংনীতে শিক্ষিত বেকারের হার অনেক বেশি। শিক্ষিত বেকারদের কর্মসংস্থান ও এ লক্ষ্যে তাদের স্কিল ডেভেলপ করার উদ্যোগ নেওয়াটাই হবে আমার প্রথম কাজ। এছাড়াও আমি যেহেতু একজন চিকিৎসক সেজন্য আমার সংসদীয় আসন গাংনীসহ সমগ্র মেহেরপুর জেলার স্বাস্থ্য খাতের উন্নয়ন নিয়েও কাজ করতে চাই। অবকাঠামোগত উন্নয়ন মেহেরপুরে যথেষ্ট হয়েছে।’

দ্বাদশ সংসদ নির্বাচনে মেহেরপুর-২ (গাংনী) সংসদীয় আসনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পাওয়ার পর প্রতিক্রিয়া ব্যক্ত করতে যেয়ে মেহেরপুর প্রতিদিনকে এ কথা বলেন ডা: এ এস এম নাজমুল হক সাগর।

ডাঃ এ. এস. এম. নাজমুল হক মেহেরপুর জেলার গাংনী মোহাম্মদপুর গ্রামে সম্ভ্রান্ত এক পরিবারে জন্মগ্রহণ করেছেন। তাঁর পিতা মোহাম্মদ নূরুল হক সামরিক অফিসার ও সফল প্রধান শিক্ষক ছিলেন। তিনি গাংনী থানা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা ও আজীবন সভাপতি, প্রাদেশিক পরিষদের সদস্য, গণপরিষদ সদস্য ও পরবর্তিতে সংসদ সদস্য ছিলেন।

তার মেজ বোন সেলিনা পারভীন ২০১৪ সালে সংরক্ষিত মহিলা আসনের এমপি ছিলেন।

ডাঃ এ. এস. এম. নাজমুল হক শিক্ষা জীবনে তিনি ছাত্রলীগের রাজনীতির সাথে জড়িত ছিলেন। ১৯৯২-৯৩ সালে তিনি রাজশাহী মেডিকেল কলেজ শাখার দপ্তর সম্পাদক নির্বাচিত হন। ১৯৯৪-৯৫ সালে সাধারণ সম্পাদক এবং সভাপতি হিসেবে ১৯৯৫-৯৭ সালে রাজশাহী মেডিকেল কলেজ শাখার ছাত্রলীগের নেতৃত্ব দিয়েছেন।

সরকারি চাকরিজীবি হিসাবে তিনি ২৩ তম বিসিএস এর স্বাস্থ্য ক্যাডারে যোগদান করেন। তবে সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ করতে ২০২০

সালে (চাকুরির মেয়াদ ছিল ২০৩২ সাল পর্যন্ত) সরকারি চাকুরী থেকে স্বেচ্ছা অবসর নেন।

ডঃ নাজমুল হক সাগর আরো বলেন,’ছোট বেলা থেকে রাজনৈতিক পরিমন্ডলে বেড়ে ওঠায় সকল শ্রেনীর মানুষের সাথে আমার আত্মিক সম্পর্ক আছে। তৃণমূল কর্মীদের সাথে আছে বিশ্বাস ও আস্থার সম্পর্ক। চিকিৎসা সেবায় নিয়োজিত থাকার ফলে সকল শ্রেণীর মানুষ নির্দ্বিধায় আমার সাথে সকল বিষয়ে বিশ্বাসের সাথে আলোচনা করতে পারেন। আমার প্রত্যাশা

আমিও আমার বাবার মতো মুক্তিযুদ্ধের চেতনাকে বুকে ধারণ করে দলীয় সভানেত্রীকে মেহেরপুর-২ সংসদীয় আসনটি জন প্রতিনিধি হয়ে উপহার দিতে পারবো।

গাংনীতে আওয়ামী লীগ প্রার্থী ডা. নাজমুল হক সাগরকে অভ্যর্থনা

মেহেরপুর ২ গাংনী আসনে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত প্রার্থী ডাঃ নাজমুল হক সাগরকে বরণ করে নেন নেতাকর্মীরা।

গতকাল মঙ্গলবার বিকালে গাংনীতে আসার পথে মেহেরপুর জেলার শেষ এরিয়া খলিসাকুন্ডী ব্রিজ থেকে তার নেতাকর্মীরা তাকে উষ্ণ অভ্যর্থনায় বরণ করে নেন। ডাঃ সাগর গাংনীর মাটিতে নেমে মাটিতে সালাম করে তার নির্বাচনী যাত্রা শুরু করেন।

এ সময় ডাঃ সাগরকে বরণ করে নেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি শহিদুল ইসলাম বিশ্বাস, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাডঃ এ কে এম শফিকুল আলম, তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ সহ আওয়ামী লীগ ও অংগ এবং সহযোগী সংগঠনের নেতাকর্মীরা ফুলেল শুভেচছায় ডাঃ সাগরকে বরণ করে নেন।

ডাঃ সাগর রাজশাহী মেডিকেল কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি ছিলেন। তিনি সাবেক এমএলএ নুরুল হকের পুত্র।

মেহেরপুরে আওয়ামী লীগ প্রার্থী বরণ

মেহেরপুর-১ আসনে আওয়ামী লীগ মনোনিত প্রার্থী ফরহাদ হোসেনকে অভ্যর্থনা দিয়েছেন নেতাকর্মীরা।

গতকাল মঙ্গলবার বিকালে তিনি সড়ক পথে ঢাকা থেকে মেহেরপুরের সীমান্ত দরবেশপুর গ্রামে পৌছালে নেতাকর্মীরা ফুলেল শুভেচ্ছা সিক্ত করেন।

এসময় জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুস সামাদ বাবুল বিশ্বাস, যুগ্ম সম্পাদক এ্যাড. ইব্রাহিম শাহিন, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান উদ্দিন চুন্নু, সাধারণ সম্পাদক মোমিনুল ইসলামসহ শত শত নেতাকর্মী শোডাউনের মাধ্যমে তাকে মেহেরপুরের বাসাতে নিয়ে আসেন।

এসময় ফরহাদ হোসেন প্রতিমন্ত্রীর পদমর্যাদায় প্রাপ্ত পতাকাবাহী গাড়ি নিয়ে তিনি ঢাকা থেকে মেহেরপুরে আসেন। পথিমধ্যে তিনি নেতাকর্মীদের শুভেচ্ছার জবাব দেন এবং কয়েকটি স্থানে বক্তব্য প্রদান করেন।

গাংনীতে পিএসকেএসের উদ্দ্যোগে

কৃষি উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি পিএসকেএসের উদ্দ্যোগে নিবিড় পদ্ধতি মাচায় খাসি মোটাতাজা করণ প্রদর্শনীর উপকরণ বিতরণ অনুষ্টান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২৮ নভেম্বর) পিএসকেএস সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ খাতের আওতায় ৮ জন উপকারভোগীর মাঝে এ উপকরণ বিতরণ করা হয়।

এ সময় ৬৮ কেজি পিলেট খাবার,৫০ পিচ ঘাসের কাটিং, মাচা তৈরি বাবদ নগদ ১৮০০ টাকা, ভিটামিন মিনারেল সাপ্লিমেন্ট সহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতাও বিতরণ করা হয়।

এ সময় উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ ইউনিটের কর্মকর্তাগন ও সংস্থার অন্যান্য সদস্যবৃন্দ।

উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

মেহেরপুরে গৃহবধূর লাশ উদ্ধার,পরিবারের দাবি হত্যা

মেহেরপুরে নাজমা খাতুন (৩৫) নামে এক গৃহবধূর রহস্য জনক মৃত্যুর ঘটনা ঘটেছে । তবে ভুক্তভোগী পরিবারের দাবি স্বামীর পরকিয়া প্রেমের বাধা দেওয়ায় তাকে ফাঁসিতে ঝুঁলিয়ে আত্মাহত্যার নাম দেওয়া হচ্ছে। এঘটনায় অভিযুক্ত স্বামী পলাতক হয়েছে।

আজ মঙ্গলবার (২৮ নভেম্বর) দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার

বুড়িপোতা ইউনিয়নের গুচ্ছগ্রামে নাজমা খাতুন তার শশুর বাড়িতে নিজ ঘরের ফ্যানের সাথে ঝুলন্ত অবস্থায় ঝুলে থাকতে দেখে তার শাশুড়ি এলাকাবাসীকে ডাক দেয়।

নাজমা খাতুন নাজির বকশোর মেয়ে। এবং তার স্বামী ফারুক আলী মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের গুচ্ছগ্রাম রাজাপুরের লুৎফর আলীর ছেলে।

ঘটনা সূত্রে জানা গেছে, নাজমা খাতুন এর স্বামী ফারুক আলী সাথে দীর্ঘ দিন ধরে তার দন্ড চলছিল। এ দিকে এলাকাবাসীর কাছ থেকে জানা গেছে তার স্বামী একই এলাকার এক নারীর সাথে সম্পর্ক করে। এই নিয়ে তাদের মধ্যে ঝামেলা চলে দীর্ঘ দিন ধরে।

ভুক্তভোগীর মা বলেন,আমরা জামাই আমার মেয়ে কে অনেক অত্যাচার করে এর আগে আমার মেয়ে কে মেরে হাত ভেঙ্গে দিয়েছিল। এবং আমার জামাই এর আগে পরকীয়া করতে গিয়ে ধরা খেয়েছে এই নিয়ে তাদের সংসার ঝামেলা চলে। আজ আমার জামাই আমার মেয়ে কে হত্যা করে পালিয়ে গেছে।

মেহেরপুরে জাতীয় পার্টি প্রার্থীর মনোনয়ন ফরম উত্তোলন

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নাঙ্গল প্রতীক নিয়ে নির্বাচন করার জন্য মেহেরপুর ১ আসন থেকে মনোনয়ন ফরম উত্তোলন করেছেন জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ।

মঙ্গলবার (২৮ নভেম্বর) দুপুর একটার দিকে মেহেরপুর ১ আসনের জন্য মনোনয়ন ফরম সংগ্রহ করেন আব্দুল হামিদ।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মো. ওয়ালিউল্লাহ এর নিকট থেকে তিনি এ মনোনয়ন ফরম সংগ্রহ করেন।

এসময় জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ বলেন, বাংলাদেশ

আজকে বৈষম্যের মধ্যে বাস করছে। বাংলাদেশের ১৬ কোটি মানুষকে যদি আমরা বাঁচাতে চাই তাহলে মেহেরপুরবাসীকে জাতীয় পার্টির আশ্রয় নিতে হবে। শান্তিপূর্ণভাবে বসবাস করার জন্য নাঙ্গলের বিকল্প নেই।

জেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আব্দুল হাদী বলেন, মেহেরপুর ১ আসনে জাতীয় পার্টির হাতকে শক্তিশালী করে এই আসনটা আমরা জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের স্যারকে উপহার দিতে চাই।

এসময় জেলা জাতীয় পার্টি সহ-সভাপতি আব্দুল মান্নান ও হামিদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহকারি সাধারণ সম্পাদক সুমন পারভেজ, প্রচার সম্পাদক মামলত হোসেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য সরওয়ার হোসেন সহ মেহেরপুর জেলা পার্টি বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ভাইয়ের হাতে ভাই জখম

মেহেরপুরে জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে আপন দুই ভাইয়ের দায়ের কোপে বড় ভাই জখম।

গতকাল রবিবার (২৬ নভেম্বর) বিকেল সাড়ে তিনটার দিকে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের টোঙ্গি মাঝপাড়ায় এ ঘটনা ঘটে। আহত ৬০ বছর বয়সী মোঃ রিহান পিরোজপুর ইউনিয়নের টোঙ্গি গ্রামের মৃত দাউদ এর ছেলে।

পারিবারের লোকজন জানান,সম্পত্তির কারণে এ হামলার ঘটনা ঘটেছে।

তারা বলেন,আহত রিহানের কোনো ছেলে নেই কিন্তু তার আপন ভাই মদুর একটা ছেলে আছে (বিপ্লব) ও তার সাথে গুলাম মিলে জমিজমা গুলা সম্পূর্ণ নেওয়ার জন্য ওকে এইভাবে মারাধরা করছে।

আরো বলেন,গমের বীজ নিয়ে মোটরসাইকেল করে আসার সময় মোটরসাইকেলের উপর থেকেই মাথায় কোপ মারে রিহানের। মোটরসাইকেল থেকে পরে গেলে মদু,বিপ্লব আর গুলাম মিলে মারধর শুরু করে কাছে থাকা ৭৫ হাজার টাকা,মোবাইল আর মোটরসাইকেল ছিনতাই করে নিয়ে যায়।
আহত রিহান বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল

হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

মেহেরপুরে আনসার-ভিডিপির অস্ত্রসহ মৌলিক প্রশিক্ষণের শুভ উদ্বোধন

মেহেরপুরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর আয়োজনে জেলাভিত্তিক ২১ দিন মেয়াদি অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ-৬ষ্ঠ ধাপ) এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৭ নভেম্বর) সকাল ১১ টার সময় জেলা কার্যালয়ের প্রশিক্ষণ শ্রেণিকক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা প্রশিক্ষক (টিআই) মানিক মিয়ার সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত ।

এসময় প্রধান অতিথি বক্তব্যে তিনি বলেন, “জননিরাপত্তায় এ বাহিনীর অবদান অত্যন্ত গুরুত্ববহ ও সমাজ স্বীকৃত। উক্ত প্রশিক্ষণ গ্রহণ দ্বারা জননিরাপত্তামূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত এবং সুশাসন প্রতিষ্ঠায় সামাজিক সচেতনতা বৃদ্ধির প্রভূত ক্ষেত্র তৈরি হবে। সেখানে নিজেদেরকে যোগ্য হিসেবে গড়ে তুলে বাহিনীর সুনাম বৃদ্ধির পাশাপাশি নিজেকে দক্ষ জনসম্পদে পরিণত করে রাষ্ট্রের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং সকল প্রশিক্ষণার্থীকে সুন্দর ও সুষ্ঠুভাবে প্রশিক্ষণ সম্পন্ন করতে আহবান জানান।

এ ছাড়াও কোর্স অ্যাডজুট্যান্ট গাংনী উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমান, প্রশিক্ষণ কর্মকর্তা মুজিবনগর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, সার্কেল অ্যাডজুটান্ট মোঃ আল-মামুন, সদর টিআই সাগর আহমেদ ও অন্যান্য প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।